
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অস্কার মিউজিয়ামে ঐশ্বরিয়ার লেহেঙ্গা

ct 7



বড়দিনে রোনালদোর ব্যতিক্রমী উদযাপন

ct 8

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০০২ ● কলকাতা ● ১৭ পৌষ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ০২ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# ভেন্টিলেশনের বাইরে 'কালীঘাটের কাকু'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভেন্টিলেশনের বাইরে রয়েছেন নিয়োগ মামলায় ধৃত সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'। আলিপুরের একটি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছিল। তবে বুধবার সেখান থেকে অন্য হাসপাতালে 'কাকু'কে স্থানান্তরিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হাসপাতাল সূত্রে খবর, বাইপাসের ধারের একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে তাঁকে।প্রাথমিকে নিয়োগ দুর্নীতি

এরপর 3 পৃষ্ঠায়


# 'সেবাশ্রয়' উদ্বোধনে ডায়মন্ড হারবারে অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**ডায়মন্ড হারবার:** সকলের জন্য সুস্বাস্থ্য কর্মসূচিতে 'সেবাশ্রয়' এর ডালি নিয়ে বৃহস্পতিবার ডায়মন্ড হারবারে যাচ্ছেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। নিজের লোকসভা কেন্দ্রের সাতটি বিধানসভায় সকলের জন্য বিনামূল্যে স্বাস্থ্যশিবির আয়োজনের উদ্যোগ নিয়েছেন সাংসদ। শিবির শুরু হচ্ছে ডায়মন্ড হারবার বিধানসভা এলাকা থেকে।তারই উদ্বোধনে বৃহস্পতিবার ডায়মন্ড হারবার এসডিও মাঠে আসছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।ডায়মন্ড হারবার বিধানসভা এলাকায় মোট ৪১টি স্বাস্থ্যশিবির চলবে। ডায়মন্ড হারবারের পর তাঁর লোকসভার অধীন অন্য ৬টি বিধানসভা কেন্দ্রগুলিতেও নির্দিষ্ট দিনে 'সেবাশ্রয়' প্রকল্পের স্বাস্থ্যশিবিরগুলি চালু হবে। কোভিডকালে অভিষেকের 'ডায়মন্ড হারবার মডেল' দেশজুড়ে ব্যাপক সাড়া ফেলেছিল। সব মহলেই প্রশংসিত হয়েছিল 'ডায়মন্ড হারবার মডেল'। এবার 'সেবাশ্রয়'-এর মাধ্যমে 'সকলের জন্য সুস্বাস্থ্য' কর্মসূচিও 'ডায়মন্ড হারবার মডেলের' আরও একটি দৃষ্টান্ত স্থাপন করতে চলেছে বলে মনে

এরপর 3 পৃষ্ঠায়






# তৃণমূল কংগ্রেসের ২৮ তম প্রতিষ্ঠা দিবসে নানান কর্মসূচি হুগলিতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বুধবার তৃণমূল কংগ্রেসের আঠাশ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে হুগলি জেলায় বিভিন্ন স্থানে অভিনব কর্মসূচি পালন করা হলো। রিষড়া পৌরসভার তৃণমূল যুব কংগ্রেস এবং রিষড়া পৌর প্রধানের উদ্যোগে মধ্যরাতে দুস্থ মানুষদের মধ্যে শীতবস্ত্র কম্বল,মিষ্টির প্যাকেট পানীয় জলের বোতল তুলে দিলেন রিষড়া পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা । রিষড়া পৌরসভার বিভিন্ন রাস্তার ধারে যেমন জিটি রোড, ছাই রোড, চম্পা রোড, এন এস রোড, মোর পুকুরের ধারে, রিষড়া স্টেশন, প্ল্যাটফর্ম চত্বরে, বাজার এলাকায় ভবঘুরেদের গায়ে কম্বল জড়িয়ে দেওয়ার সাথে সকলকে এক বাক্স করে মিষ্টি এবং পানীয় জল তুলে দেওয়া হয়। উল্লেখ্য বিজয় সাগর মিশ্রা প্রত্যেক বছর তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে মধ্যরাতে এই অভিনব কর্মযজ্ঞ করে আসছেন। এ বছর তিনি দুস্থ ভবঘুরেদের হাতে কম্বল তুলে দিয়ে এক নজির সৃষ্টি করলেন। এরই সাথে , দুঃস্থ মানুষের মধ্যে খাবার বিতরণ করা হয়। এদিনের মধ্যরাতে পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা ছাড়াও শহর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দ্বীপ শঙ্কর দত্ত এবং বিশিষ্ট সমাজসেবক প্রকাশ সাউ সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

এছাড়াও হুগলির হরিপাল ব্লক তৃণমূল জয় হিন্দ বাহিনীর উদ্যোগে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রতি বছরের মত এবারেও হরিপাল গ্রামীণ হাসপাতালের শিশুদের মধ্যে দুধ ও রোগীদের মধ্যে ফলমূল ও মিষ্টান্ন বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না হরিপাল তৃণমূল জয়হিন্দ বাহিনীর সভাপতি স্বরূপ মিত্র, হরিপাল ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি দেবাশীষ পাঠক সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ । এছাড়াও চন্ডীতলা ১ নম্বর ব্লকের শিয়াখালা অঞ্চল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ও হরিপাল ব্লকের শ্রীপতিপুর ইলিপুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে যথাযোগ্য মর্যাদার সাথে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়।

## হাবড়াতে বাংলাদেশীদের আধার কার্ড তৈরি করে দেওয়ার অপরাধে গ্রেফতার ৩ ভারতীয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

হাবড়া: বাংলাদেশীদের আধার কার্ড করে দেওয়ার অপরাধে গ্রেফতার তিন ভারতীয় । একই সঙ্গে অবৈধভাবে ভারতে আসায় গ্রেফতার তিন বাংলাদেশী । মোট ৬ জনকে গ্রেফতার করলো হাবড়া থানার পুলিশ। বাংলাদেশীদের ভারতীয় আধার কার্ড তৈরি করে দিয়ে গ্রেফতার তিন ভারতীয়। পাশাপাশি তিন বাংলাদেশিকেও গ্রেপ্তার করল হাবড়া থানার পুলিশ।গোপন সূত্রে খবর পেয়ে, দুই অস্ত্র কারবারিকে গ্রেফতার করলো হাবড়া থানা

(এরপর ৪ পাতায়)

# বছরের শেষ দিন সন্ধ্যায় SSKM-এ ভর্তি হলেন চিন্ময় দাসের আইনজীবী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এদিকে চট্টগ্রামের জেলে অসুস্থ সন্ন্যাসী চিন্ময় মহারাজ। তিনি মাসাধিক কাল ধরে বিনা বিচারে আটক। তাঁর হয়ে ২ তারিখ আদালতে পিটিশন জমা দেবার কথা আইনজীবী রবীন্দ্র ঘোষের।

আর এর মধ্যেই মঙ্গলবার সন্ধ্যায় বুকে ব্যথা নিয়ে তিনি ভর্তি হলেন S S K M হসপিটালে। কয়েকদিন আগে চিকিৎসার জন্য ভারতে এসেছেন বছর অষ্টআশির রবীন্দ্র ঘোষ। ব্যারাকপুরে ছেলের বাড়িতে উঠেছেন। চিন্ময় দাসের জামিনের আবেদনের শুনানির জন্য ২ জানুয়ারির আগেই বাংলাদেশে ফিরে যাওয়ার কথা



জানিয়েছিলেন প্রবীণ এই আইনজীবী। এখন দেখার তিনি আগামীকাল চট্টগ্রামে যেতে পারেন কিনা!

এই মুহূর্তে তিনি আছেন বারাকপুরে ছেলের বাড়িতে। বহু মানুষের সঙ্গে তাঁর কথা হয়। এদিন বারাকপুরে রবীন্দ্র ঘোষের ছেলের বাড়িতে গিয়েছিলেন তৃণমূলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ। দীর্ঘক্ষণ প্রবীণ আইনজীবীর সঙ্গে বৈঠক হয় তৃণমূল নেতার। বৈঠকের পর কুণাল ঘোষ বলেছিলেন, “বাংলাদেশের বিষয় কেন্দ্রের ব্যাপার। রাজ্যের কিছুই করার নেই। তবে রাজ্য সাহায্য করতে রাজি আছে। বাংলাদেশের আইনজীবী রবীন্দ্র ঘোষের সঙ্গে দেখা করতে এসেছি।” আবার রবীন্দ্রনাথ ঘোষ বলেন, “রবীন্দ্র ঘোষ বলেছিলেন, “মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করিয়ে দেওয়ার জন্য কুণাল ঘোষকে অনুরোধ করেছি। মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা হলে বাংলাদেশের হিন্দুদের পরিস্থিতি নিয়ে আলোচনা করতাম।” আমরা সকলেই তাঁর দ্রুত আরোগ্য কামনা করছি। আমরা চাইছি তিনি ২তারিখ চট্টগ্রাম আদালতে সশরীরে উপস্থিত হোন।







(1ম পৃষ্ঠার পর)

# ভেন্টিলেশনের বাইরে 'কালীঘাটের কাকু'

মামলায় অন্যতম অভিযুক্ত 'কাকু'। এই সংক্রান্ত বিষয়ে ইডির মামলার চার্জ গঠন প্রক্রিয়াও শুরু হয়েছে বিচার ভবনে। সোমবার সেই শুনানিতে আদালতের নির্দেশ দেওয়ার কথা ছিল। কিন্তু চার্জ গঠনের সময়ে অভিযুক্তদের সশরীরে হাজির থাকতে হয় আদালতে। 'কাকু' অসুস্থ হয়ে পড়ায় তাই আগের দিন চার্জ গঠন হয়নি। ২ জানুয়ারি ওই সংক্রান্ত শুনানির পরবর্তী তারিখ নির্ধারণ করা হয়েছে। তবে বিচারক জানিয়েছেন, 'কাকু'র শারীরিক অবস্থার উপরেই শুনানি নির্ভর করবে।হার্টের সমস্যা রয়েছে সুজয়কৃষ্ণের। গত সোমবার প্রেসিডেন্সি জেলের ভিতরে তিনি অসুস্থ হয়ে পড়েন। আচমকা সংজ্ঞা হারান। তাঁকে জেল থেকে দ্রুত এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। তার পর 'কাকু'র আইনজীবী আদালতে আবেদন করেন, আলিপুরের বেসরকারি হাসপাতালে তাঁকে স্থানান্তরিত করার জন্য। ওই হাসপাতালে এর আগেও 'কাকু'র চিকিৎসা হয়েছে। তাঁর অস্ত্রোপচারও হয়েছিল ওই হাসপাতালে। আদালতের অনুমতি নিয়ে 'কাকু'কে সোমবারই এসএসকেএম থেকে আলিপুরে নিয়ে যাওয়া হয়েছিল।পরে জানা যায়, 'কাকু'র শারীরিক অবস্থার অবনতি হয়েছে। ভেন্টিলেশন সাপোর্টে রাখতে হচ্ছে তাঁকে। হাসপাতালে তাঁর একাধিক শারীরিক পরীক্ষা করা হয়। ছিলেন মেডিক্যাল দলের পর্যবেক্ষণে। বুধবার হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, 'কাকু'র শারীরিক অবস্থা আগের চেয়ে কিছুটা স্থিতিশীল। ভেন্টিলেশনের বাইরেই রাখা হয়েছে তাঁকে। তার পর চিকিৎসকেরা সম্মিলিত ভাবে সিদ্ধান্ত নিয়েছেন, বাইপাসের ধারের অন্য একটি হাসপাতালে তাঁকে স্থানান্তরিত করা হবে। সেই মতো সন্ধ্যায় ওই হাসপাতালে পাঠানো হয়েছে 'কাকু'কে।

সূত্রের খবর, আলিপুরের যে হাসপাতালে 'কাকু'কে রাখা হয়েছিল, সেটি হৃদ্‌যন্ত্রের চিকিৎসার জন্য বিখ্যাত। ওই সংক্রান্ত বিশেষ পরিষেবা রয়েছে ওই হাসপাতালে। কিন্তু 'কাকু'র অন্যান্য শারীরিক সমস্যাও খতিয়ে দেখা প্রয়োজন। তাই সব রোগের চিকিৎসা সম্ভব, তেমন একটি হাসপাতালে তাঁকে নিয়ে যাওয়া হল।

# ফের উত্তর ২৪ পরগনা থেকে গ্রেপ্তার দুই মহিলা বাংলাদেশি অনুপ্রবেশকারী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**বনগাঁ:** ফের উত্তর ২৪ পরগনার ভারত-বাংলাদেশ সীমান্ত বাগদা থেকে গ্রেপ্তার করা হল দুই বাংলাদেশি অনুপ্রবেশকারীকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই দুই মহিলা সীমান্ত পেরিয়ে বাংলাদেশ যাওয়ার পরিকল্পনায় ছিলেন। তাঁদের দেখে সন্দেহ হয়। জেরার পর গ্রেপ্তার করা হয় দুজনকে।দীর্ঘ কয়েক মাস ধরে উত্তপ্ত বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি।



বছর শেষের রাতে তাঁরা সীমান্ত পেরিয়ে নিজেদের বাড়ি ফেরার চেষ্টায় ছিলেন। মঙ্গলবার রাতে বাগদা থানার চুয়াটিয়া মাথাভাঙ্গা মোড়ের রাস্তায় দুজনে দেখা যায়। সেই সময় টহলদারি পুলিশের তাঁদের দেখে সন্দেহ হয়। শুরু হয় জিজ্ঞাসাবাদ। কথায় অসঙ্গতি থাকার কারণে বাগদা থানায় নিয়ে যাওয়া হয় তাঁদের। পুলিশি জেরায় তাঁরা দুজনেই নিজেদের আসল পরিচয় জানান। বুধবার তাঁদের বনগাঁ মহাকুমা আদালতে তোলা হলে বিচারক জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।পড়শি দেশে একের পর এক হিন্দু নির্যাতনের ঘটনা সামনে আসছে। ইতিমধ্যে রাজ্যের একাধিক জায়গা থেকে জঙ্গিরাও ধরা পড়েছে। বেশ কয়েক দিন ধরেই বাংলাদেশি অনুপ্রবেশকারীরাও পাকড়াও হচ্ছিলেন পুলিশের জালে। বনগাঁ-বাগদার সীমান্ত এলাকাতে পুলিশ আরও কড়া নজরদারি চালাচ্ছে। সেই পেট্রোলিংয়ের সময় ফের ধরা পড়লেন দুই বাংলাদেশি অনুপ্রবেশকারী মহিলা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত ওই দুই মহিলার নাম আজমিরা খাতুন ও শিরিনা খাতুন। তাঁদের বাড়ি বাংলাদেশের যশোরের সারসা এলাকায়। গত পাঁচ মাস আগে ওই দুই মহিলা বিনা পাসপোর্ট, ভিসাতে সীমান্ত পেরিয়ে ভারতে এসেছিলেন। তাঁরা মুম্বই চলে যান। সেখানেই একটি পার্লারে কাজ করছিলেন দুজনে। মুম্বই থেকে বাংলাদেশ ফেরার জন্য তাঁরা বনগাঁ-বাগদা সীমান্তে এসেছিলেন।

(১ পাতার পর)

# 'সেবাশ্রয়' উদ্বোধনে ডায়মন্ড হারবারে অভিষেক

করছে ওয়াকিবহাল মহল।দলীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকাল ৯টায় সাংসদ ডায়মন্ড হারবারে 'সেবাশ্রয়' মডেল ক্যাম্প উদ্বোধন করবেন। ডায়মন্ড হারবার বিধানসভা এলাকার ১ ও ২ নম্বর ব্লকের কয়েকটি স্বাস্থ্যশিবির সশরীরে ঘুরেও দেখবেন। সাংসদের উদ্যোগে 'সেবাশ্রয়' স্বাস্থ্যশিবিরগুলিতে থাকছে বিনামূল্যে ওষুধ বিতরণ, তৎক্ষণাৎ ডায়গনস্টিক টেস্ট, রেফারেল পরিষেবা, হেল্প ডেস্ক ও অ্যাপ ভিত্তিক রেজিস্ট্রেশন ও রিয়েল টাইম আপডেট। বৃহস্পতিবার থেকে শুরু হয়ে আগামী ১১ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এই স্বাস্থ্য শিবিরগুলি চালু থাকবে।

# প্রতিষ্ঠা দিবসে পতাকা তুলতে গিয়ে 'আক্রান্ত' ভাঙড়ের তৃণমূল নেতা আরাবুল ইসলাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রতিষ্ঠা দিবসে পতাকা তুলতে গিয়ে 'আক্রান্ত' ভাঙড়ের তৃণমূল নেতা আরাবুল ইসলাম। প্রাক্তন তৃণমূল বিধায়কের গাড়িতে ছোড়া হল পাথর। ফেরার পথে হামলার মুখে পড়ে তাঁর গাড়ির একাংশ ভাঙল। বছরের পয়লা দিনে এ নিয়ে উত্তেজনা দক্ষিণ ২৪ পরগনার পোলেরহাট থানা এলাকায়। পরিস্থিতি সামাল দিতে ছুটতে হল পুলিশকে।আরাবুলের গাড়িতে হামলা নিয়ে শওকত বলেন,

(এরপর ৫ পাতায়)

## সম্পাদকীয়

### ১৬ জানুয়ারি লোকপাল দিবস উদযাপন

১(৪) ধারার জারি করা এক বিজ্ঞপ্তি অনুসারে ভারতে লোকপাল গঠিত হয় ২০১৪ সালের ১৬ জানুয়ারি। একই বছরের ১৪ মার্চ লোকপালের এক বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে, প্রতি বছর ১৬ জানুয়ারি দিনটিকে ‘লোকপাল দিবস’ হিসেবে উদযাপন করা হবে।

এর পরিপ্রেক্ষিতে এই প্রথম আগামী ১৬ জানুয়ারি লোকপাল দিবসের উদযাপন হতে চলেছে। নতুন দিল্লির দিল্লি ক্যান্টনমেন্ট এলাকায় মানেকশ সেন্টারের জোরাওয়ার প্রেক্ষাগৃহে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি শ্রী সঞ্জীব খান্না।

বিচারপতি এ এম খানউইলকর গত বছরের ১০ মার্চ লোকপালের দ্বিতীয় চেয়ার পার্সন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। বর্তমানে চেয়ারপার্সন ছাড়াও লোকপালে ৬ জন সদস্য রয়েছেন।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ছাড়াও শীর্ষ আদালতের অন্য বিচারপতিরা, হাই কোর্টগুলির প্রধান বিচারপতি এবং অন্য বিচারপতিরা, লিগাল সার্ভিসেস অথরিটির এক্সিকিউটিভ চেয়ারপার্সন এবং সদস্য সচিব, রাজ্যগুলির লোকায়ুক্ত ও উপ-লোকায়ুক্তরা, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকের সচিব, বিভিন্ন তদন্ত সংস্থার প্রধান, মুখ্য কার্যনির্বাহী, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কের আইন ও ভিজিলেন্স সংক্রান্ত আধিকারিক সহ বহু বিশিষ্ট ব্যক্তিত্ব অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা ৬টায়।

এই অনুষ্ঠানে দেশের অ্যাটর্নি জেনারেল শ্রী আর ভেঙ্কটরামানি, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি শ্রী এন সন্তোষ হেগড়ে এবং পদ্মভূষণ শ্রী আন্না হাজারেকে সম্বর্ধনা জ্ঞাপন করা হবে। ভারতের প্রধান বিচারপতি ওম্বাডসম্যানদের ভূমিকা ও কার্যাবলী এবং ভবিষ্যৎ রূপরেখা নিয়ে অনুষ্ঠানে বক্তব্য রাখবেন।

## evsjv n‡"Q gvZ.kw³ Dcvmbvi †miv f‚wg



মৃত্যুঞ্জয় সরদার
(উনত্রিশতম পর্ব)



ej‡Z Aw`wZ Ges Elv| Aw`wZi D‡Ï‡k¨ †Kv‡bv ¯Zš m³ bv _vK‡j I F‡M‡` Zvü bvg AšZ 80 evi DwjwLZ n‡q‡Q| wKš j¶Yxq welq n‡jv, cvq meÎB wZwb Avw`Z¨‡`i m‡½ Ges Aw`Z¨Rbbx wn‡m‡eB DwjwLZ;

ক্রমশঃ
(‡jL‡Ki Awfg‡Zi Rb¨ †jLK `vqe×)

(২ পাতার পর)

## হাবড়াতে বাংলাদেশীদের আধার কার্ড তৈরি করে দেওয়ার অপরাধে গ্রেফতার ৩ ভারতীয়

।ধৃতরা হল সঞ্জয় পাল ওরফে রিংকু এবং অমৃতলাল দাস । দুজনের বাড়ি হাবড়া এলাকায়। সোমবার গভীর রাতে সঞ্জয়ের বাড়িতে হানা দেয় হাবড়া থানার পুলিশ। উদ্ধার হয় তিনটি ওয়ান সাটার পিস্তল ,তিন রাউন্ড কার্তুজ ও একটি ম্যাগজিন। সঞ্জয়কে জেরা করে ঘটনায় যুক্ত অমৃতকে পুলিশ গ্রেফতার করে। ধৃতদের পুলিশ হেফাজত চেয়ে মঙ্গলবার তোলা হচ্ছে বারাসত আদালতে।ধৃত বাংলাদেশিরা হল মহম্মদ মতিউর রহমান, বাড়ি বাংলাদেশের নাটোর জেলায়, ধৃত সন্ধ্যা রায় ও তার মেয়ে সুপর্না রায় বাংলাদেশের বরিশালের উজিরপুর থানা এলাকার বাসিন্দা।

ধৃতদের মধ্যে সন্ধ্যা ও মতিউরের নামে অসৎ উপায়ে আধার কার্ড করে দিয়েছিল হাবড়ার বয়রাগাছি এলাকার সায়েম হোসেন এবং মানিকতলা এলাকার মিন্টু দাস ও অমিত মন্ডল। ধৃতদের কাছ থেকে দুটি আধার কার্ডও আটক করা হয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে আনোয়ার বেরিয়া এলাকা থেকে তাদের ধরা হয়। মঙ্গলবার ধৃতদের পেশ করা হয় হয় বারাসত আদালতে(B a r a s a t Court)। পুলিশ জানিয়েছে ধৃত বাংলাদেশিদের এদেশে আসার বৈধ কোন কাগজপত্র পাওয়া যায়নি। অন্যদিকে,তিনটি আগ্নেয়াস্ত্র কার্তুজ ও ম্যাগজিন সহ গ্রেপ্তার দুই অস্ত্র কারবারি ।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই সঙ্গে সঞ্চয়ের পরিমাণও বৃদ্ধি পায়। তাই তো বলি বন্ধু, জীবনের ক্যানভাসটিকে যদি নানা রঙে রঙিয়ে তোলার ইচ্ছা থাকে, তাহলে এই মন্ত্রটি জপ করতে ভুলবেন না যেন!বিশ্বাস করুন বা না করুন একথা মানতেই হবে যে আমাদের আশেপাশে পজেটিভ শক্তি যেমন রয়েছে, ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# প্রতিষ্ঠা দিবসে পতাকা তুলতে গিয়ে 'আক্রান্ত' ভাঙড়ের তৃণমূল নেতা আরাবুল ইসলাম

''ভাঙড় বিধানসভায় ১৩টি অঞ্চলে দলের পতাকা উত্তোলন করা হচ্ছিল। দলের পক্ষ থেকে গরিব মানুষদের শীতবস্ত্র বিতরণ করা হচ্ছে। বুথ কমিটির নেতারা সেই কাজ করছেন। শুনলাম, এক বার পতাকা তোলা হয়ে গিয়েছে। আবার সেই জায়গায় পতাকা উত্তোলন করতে গিয়েছেন উনি (আরাবুল)।'' শওকতের সংযোজন, ''এই মুহূর্তে উনি তো দলের কোনও পদে নেই। কেন পরিস্থিতি অশান্ত করার চেষ্টা করছেন, জানি না। বিষয়টি তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জানাব। ভাঙড়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব নেই। কিন্তু কেন এ কাজ উনি (আরাবুল) করতে গেলেন, জানি না। উনি পরিকল্পিত ভাবে গন্ডগোল করছেন।''পুরো ঘটনার জন্য তৃণমূল নেতাকেই দায়ী করলেন তৃণমূল বিধায়ক শওকত মোল্লা। তাঁর অভিযোগ, পতাকা উত্তোলনের পরে দ্বিতীয় বার ওই কাজ করতে গিয়েছিলেন আরাবুল।জানা যাচ্ছে, দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বুধবার সকালে ভাঙড় এলাকায় একটি জায়গায় পতাকা উত্তোলন করতে যাচ্ছিলেন 'তাজা নেতা' আরাবুল। কিন্তু দলীয় পতাকা উত্তোলন নিয়ে তৃণমূলের দুই পক্ষের মধ্যে অশান্তির সূত্রপাত। জানা যাচ্ছে, বিবাদে জড়ান আরাবুলের অনুগামীরা এবং ক্যানিং পূর্বের তৃণমূল বিধায়ক তথা ভাঙড়ের তৃণমূল পর্যবেক্ষক শওকতের অনুগামীরা। আরাবুলের অনুগামীদের বিরুদ্ধে মারধরের অভিযোগ করেন শওকতের লোকজন। সেই 'রোষ' গিয়ে পড়ে আরাবুলের গাড়িতে। কয়েক জন আরাবুলের গাড়ি লক্ষ্য করে পাথর ছোড়েন বলে অভিযোগ। গাড়ির পিছনের কাচ ভেঙে যায়। ওই ঘটনার পরে রাস্তা আটকে দুই পক্ষ মারামারি শুরু করে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। বেশ কিছু ক্ষণ পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। আরাবুল অবশ্য এ নিয়ে প্রতিক্রিয়া দিতে নারাজ। বিরক্তির সুরে তিনি বলেন, ''আজ দলের প্রতিষ্ঠা দিবস। এ সব নিয়ে কিচ্ছু বলব না। যে যা পারে করুক।'' ওই কথা বলে যখন আরাবুল হাঁটতে হাঁটতে তাঁর গাড়ির দিকে এগিয়ে যাচ্ছেন, তখনও একদল তৃণমূল কর্মী বিক্ষোভ দেখান। সঙ্গে সঙ্গে তাঁদের ঘিরে ধরে পুলিশ।২০১১ সালে রাজ্যে পালাবদলের পর বিতর্কে জড়িয়েছিলেন ভাঙড়ের 'তৎকালীন দোর্দণ্ডপ্রতাপ' তৃণমূল নেতা আরাবুল। ভাঙড় কলেজে ওয়েবকুটার প্রার্থী নির্বাচন নিয়ে কলেজের পরিচালন সমিতির সভাপতি আরাবুলের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন ভূগোলের শিক্ষিকা দেবযানী দে। অভিযোগ, দু'তরফের মধ্যে বচসা চলাকালীন আচমকা ওই শিক্ষিকাকে লক্ষ্য করে প্লাস্টিকের জগ ছুড়ে মেরেছিলেন আরাবুল। থুতনিতে আঘাতও পান দেবযানী। ১৪ বছর পরে ভাঙড়ের 'তাজা নেতা' এখন দলের অন্দরেই কোণঠাসা। সম্প্রতি অপরাধের মামলায় জেল খেটে জামিনে মুক্ত আরাবুলের সঙ্গে শওকতের সরাসরি বিবাদ দেখা যাচ্ছে। এমনকি, জামিনে মুক্তি পেয়ে পঞ্চায়েত সমিতির সভাপতি পদে যোগ দিতে গিয়ে আরাবুল দেখেন, তাঁর জন্য বরাদ্দ ঘরটিও আর নেই। পরে কলকাতা হাই কোর্ট আরাবুলকে সপ্তাহে দু'দিন পঞ্চায়েত অফিসে যাওয়ার অনুমতি দিয়েছে। কিন্তু ভাঙড়ে তৃণমূলের রাজনীতি এখন শওকতের নিয়ন্ত্রণে। সেই ছবিই দেখা গিয়েছে বুধবার।

# কৃষককল্যাণ আরও প্রসারিত করতে আমাদের সরকার প্রতিশ্রুতিবদ্ধ : প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

২০২৫ সালের কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠকে গুরুত্বপূর্ণ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর প্রেক্ষিতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, সরকার কৃষকদের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় তিনি বলেছেন : "কৃষকদের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পকে আরও প্রসারিত করতে আমাদের সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের কৃষক ভাই ও বোনেদের কঠোর পরিশ্রমের জন্য দেশবাসীর অন্ন সংস্থান হচ্ছে। আমরা তাঁদের জন্য গর্বিত। ২০২৫ সালের কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠক কৃষকদের সমৃদ্ধি বাড়ানোর উদ্দেশ্যে উৎসর্গ করা হয়েছে। এর জন্য কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করায় আমি অত্যন্ত আনন্দিত।"

# জনসাধারণের অভিযোগের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অর্থনৈতিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী এম নাগারাজু-র পৌরোহিত্যে বৈঠক

**নয়াদিল্লি, ১ জানুয়ারি , ২০২৫**

অর্থনৈতিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী এম নাগারাজু-র পৌরোহিত্যে আজ এক বৈঠকে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক ও বিমা সংস্থাগুলির নিষ্পত্তি করা জনসাধারণের ২০টি অভিযোগ খতিয়ে দেখা হয়। এই অভিযোগগুলি কোনো নির্দিষ্ট ক্রমপর্যায় ছাড়াই ইচ্ছামতো বেছে নেওয়া হয়েছিল। সমাধানের গুণমান বিচার করাই ছিল এই উদ্যোগের উদ্দেশ্য। বৈঠকে অভিযোগকারী, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক, বিমা সংস্থা এবং নিয়ন্ত্রক সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বৈঠকের প্রথমেই শ্রী নাগারাজু স্মরণ করিয়ে দেন যে, গত ২৬ ডিসেম্বর প্রগতি বৈঠকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক ও বিমা সংস্থাগুলির চেয়ারম্যান / ম্যানেজিং ডিরেক্টর / এক্সিকিউটিভ ডিরেক্টর পদমর্যাদার আধিকারিকদের প্রতি মাসে অন্তত ২০টি অভিযোগ নিষ্পত্তির গুণগত মান যাচাই করার নির্দেশ দিয়েছিলেন।

পর্যালোচনা বৈঠকে শ্রী নাগারাজু বলেন, কোনো সংস্থার বিরুদ্ধে প্রকৃত অভিযোগের কারণ থাকলে তখনই অধিকাংশ গ্রাহক আনুষ্ঠানিকভাবে অভিযোগ দায়ের করেন। গ্রাহক

(এরপর ৬ পাতায়)




# ২০২৫ সালকে 'সংস্কারের বছর' হিসেবে ঘোষণা করলো প্রতিরক্ষা মন্ত্রক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইংরাজি নতুন বছরের প্রাক্কালে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং-এর পৌরোহিত্যে দপ্তরের সচিবদের নিয়ে এক বৈঠকের আয়োজন করা হয়। এই বৈঠকে মন্ত্রকের বিভিন্ন প্রকল্প ও সংস্কার কাজের অগ্রগতি খতিয়ে দেখার পাশাপাশি আগামীর কর্মপন্থা নির্ধারণ করা হয়। চলতি ও ভবিষ্যৎ সংস্কার কাজগুলিতে গতি আনতে ২০২৫ সালকে সর্বসম্মতিক্রমে 'সংস্কারের বছর' হিসেবে ঘোষণা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর লক্ষ্য হল, সশস্ত্র বাহিনীকে এমন এক অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন যুদ্ধশক্তিতে রূপান্তরিত করা, যারা বিভিন্ন ক্ষেত্রে সুসমন্বিত অভিযান চালাতে সক্ষম হবে। ২০২৫ সালে নিম্নলিখিত বিষয়গুলির ওপর জোর দেওয়া হবে বলে স্থির করা হয়েছে :



ক) সংস্কারের লক্ষ্য হবে সংযুক্তিকরণ উদ্যোগে আরও গতি দেওয়া এবং সংযুক্ত কম্যান্ডের প্রতিষ্ঠায় সাহায্য করা।

খ) সংস্কারের ক্ষেত্রে সাইবার ও মহাকাশ এবং কৃত্রিম মেধা, মেশিন লার্নিং, হাইপারসনিক ও রোবোটিক্স-এর মতো নতুন ক্ষেত্রগুলির ওপর বিশেষ জোর দেওয়া হবে। ভবিষ্যতের যুদ্ধে জয়লাভের জন্য প্রয়োজনীয় কৌশল ও পদ্ধতি গড়ে তুলতে হবে।

গ) আন্তঃবাহিনী সহযোগিতা ও প্রশিক্ষণের মাধ্যমে অভিযানের সময়কার চাহিদা ও প্রয়োজনীয়তার বিষয়ে জ্ঞানলাভ এবং যৌথ অভিযানের সক্ষমতা অর্জন।

ঘ) প্রতিরক্ষা ক্রয় পদ্ধতিকে দ্রুততর ও সহজতর করে তোলা, যাতে আরও মসৃণভাবে সক্ষমতা অর্জন করা যায়।

ঙ) সামরিক ক্ষেত্র ও অসামরিক শিল্পমহলের মধ্যে প্রযুক্তি ও জ্ঞান হস্তান্তর সহজতর করে তোলা, ব্যবসা সহায়ক পরিবেশ সৃষ্টির মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্বকে উৎসাহ দেওয়া।

চ) প্রতিরক্ষা পরিমণ্ডলের সঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষের মধ্যে সহযোগিতায় জোর দেওয়া, অদক্ষতা নির্মূল করে সম্পদের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে কার্যকর সামরিক-অসামরিক সমন্বয় গড়ে তোলা।

ছ) ভারতকে প্রতিরক্ষা সামগ্রীর এক নির্ভরযোগ্য রপ্তানিকারক হিসেবে প্রতিষ্ঠিত করতে গবেষণা ও উন্নয়নে জোর দেওয়া, জ্ঞান ভাগাভাগি ও সম্পদ সংযুক্তিকরণের লক্ষ্যে ভারতীয় শিল্পমহল এবং বিদেশের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনকারীদের মধ্যে অংশীদারিত্ব গড়ে তোলা।

জ) অভিজ্ঞদের বিশেষ জ্ঞান কাজে লাগানো, তাঁদের জন্য বিভিন্ন কল্যাণমূলক ব্যবস্থা আরও বাড়ানো।

ঝ) ভারতীয় সংস্কৃতি ও ধারণা নিয়ে গর্বের বোধ জাগিয়ে তোলা, দেশীয় দক্ষতার মাধ্যমে বিশ্বমান অর্জন করা এবং আধুনিক সেনাবাহিনীগুলির কাছ থেকে, দেশের পরিস্থিতির সঙ্গে মানানসই হবে, এমন কৌশল ও পদ্ধতি গ্রহণ করা।

সশস্ত্র বাহিনীর আধুনিকীকরণের যাত্রায় 'সংস্কারের বছর' এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হয়ে উঠবে বলে প্রতিরক্ষা মন্ত্রী প্রত্যয় ব্যক্ত করেছেন। তিনি বলেন, 'এর মাধ্যমে দেশের প্রতিরক্ষা প্রস্তুতিতে অভূতপূর্ব অগ্রগতির ভিত্তি স্থাপিত হবে, যা একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জের মধ্যে জাতির সুরক্ষা ও সার্বভৌমত্ব সুনিশ্চিত করবে।'

## বাংলাদেশের পন্য বয়কটের ডাক দিলীপ ঘোষের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলাদেশের পন্য বয়কটেরগ (Boycott Bangladesh products) ডাক দিল বিজেপির প্রাক্তন সভাপতি এবং সাংসদ দিলীপ ঘোষ (Dilip Ghosh)। মঙ্গলবার বিজেপি নেতার অফিসিয়াল পেজে এই বয়কটের ডাক দিয়ে পোস্ট করা হয়েছে। চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেফতারির পর থেকেই অশান্তির আগুনে জ্বলছে পদ্মাপাড়। ইতিমধ্যেই, বাংলা বিহার ওড়িশা ফেরতের দাবিও তোলা হয়েছে। পাশাপাশি, ভারতীয় পণ্য বয়কটের ডাক দিয়েছে বিএনপি। সেই আঁচ এসেছে এপার বাংলায়। আর এবার এই ঘটনার বাংলাদেশের পন্য বয়কটের ডাক দিলেন বিজেপি নেতা। পোস্ট করে লেখা হয়, আমাদের দেশে বাংলাদেশি পন্য বিক্রি করে সেই টাকা দিয়ে ভারতবিরোধী কাজ করবে বাংলাদেশে। তাই বাংলাদেশের পন্য কেনা বন্ধ করুন।

## বর্ষবরণের রাতে বান্ধবীদের সঙ্গে নাচে ব্যস্ত ছিলেন সাংসদ রচনা ব্যানার্জি



**বেবি চক্রবর্ত্তী : হুগলী**

টেবিল ভর্তি খাবার আর পানীয় ভর্তি। আলো-আঁধারি চারিদিক। চলছে জোরে জোরে গান। ৩১ ডিসেম্বরের রাতে ঠিক এমনই পরিবেশ দেখা গেল অভিনেত্রী তথা তৃণমূল সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায় এর ড্রইং রুমে। বর্ষবরণের রাতে প্রায় প্রত্যেকেই নিজেদের কাছের মানুষের সঙ্গে উদযাপনে মেতেছিলেন। সেই উদযাপনে শামিল রচনাও। ইনস্টাগ্রামে একটি ভিডিয়ো পোস্ট করেছেন অভিনেত্রী। যেখানে দেখা যাচ্ছে বান্ধবীদের সঙ্গে পার্টি করতে ব্যস্ত তৃণমূল সাংসদ। ভিডিয়ো পোস্ট করে তিনি লিখেছেন, "বন্ধুদের সঙ্গে মজা।" পরনে ছিল সিক্যুইন টপ আর কালো রঙের প্যান্ট। ঘরোয়া পার্টিতে চুটিয়ে নাচ করতে দেখা যায় 'দিদি নম্বর ১'-কে। গানের তালে তালে কোমর দোলাতে দেখা যায় রচনাকে। অনুরাগীদের একটি ফ্লাইং কিসও দেন।নিজের বান্ধবীদের সঙ্গে যে তিনি চুটিয়ে মজা করেছেন তা এই ভিডিয়োই প্রমাণিত। উল্লেখ্য, ২০২৪ সালটা রচনার জন্য মনে রাখার মতো একটা বছর। এই বছরেই রাজনীতির ময়দানে পা রাখেন অভিনেত্রী। তাঁর সঞ্চালিত রিয়্যালিটি শো-এ এসেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার পরেই তৃণমূলে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন রচনা। হুগলি থেকে লোকসভা নির্বাচনে লড়েন তিনি। শুধু তাই নয় বিজেপির প্রতিনিধি লকেট চট্টোপাধ্যায়কে হারিয়ে বিজয়ীও হন। তবে সাংসদ হওয়ার আগে বা পরে তাঁর করা মন্তব্যের কারণেই নানা সময়ে তাঁকে পড়তে হয়েছিল বিস্তর কটাক্ষের মুখে। হন চরম ট্রোল্ড। একই সঙ্গে তিনি তাঁর ব্যবসা এবং দিদি নম্বর ওয়ান শোয়ের সঞ্চালনা সবই দক্ষ হাতে সামলে যাচ্ছেন।

(৫ পাতার পর)

## জনসাধারণের অভিযোগের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অর্থনৈতিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী এম নাগারাজু-র পৌরোহিত্যে বৈঠক

সন্তুষ্টি, অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়ার কেন্দ্রবিন্দুতে রয়েছে বলে মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়ায় কোনো শৈথিল্য বা গাফিলতি থাকলে তা গ্রাহক পরিষেবার মূল নীতির পরিপন্থী এবং এরফলে সংস্থার সুনাম ও ব্র্যান্ড ভ্যালু বিনষ্ট হয়। জনসাধারণের অভিযোগের নিষ্পত্তি আন্তরিকতা ও ইতিবাচকতার সঙ্গে নির্দিষ্ট সময়ের মধ্যে করার নির্দেশ দেন শ্রী নাগারাজু।

একই ধরনের পুনরাবৃত্তিমূলক অভিযোগের নিষ্পত্তিতে উপযুক্ত প্রযুক্তিগত সমাধান প্রয়োগের ওপর জোর দিয়ে শ্রী নাগারাজু বলেন, এরফলে সময় বাঁচবে এবং সমগ্র প্রক্রিয়ার দক্ষতা বাড়বে।

# সিনেমার খবর

## কেন শাহরুখের ‘ওম শান্তি ওম’র প্রস্তাব ফিরিয়ে দেন বিবেক?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০০৭ সালে পর্দা কাঁপিয়ে মুক্তি পেয়েছিল শাহরুখ খান অভিনীত ‘ওম শান্তি ওম’। সেই ছবির মাধ্যমেই বড়পর্দায় পা রেখেছিলেন দীপিকা পাড়ুকোন। ছবিতে প্রধান খলনায়কের চরিত্রে দেখা গিয়েছিল অর্জুন রামপালকে।

তবে জানেন কি, এই ছবিতে প্রথম কাজ করার কথা ছিল বিবেক ওবেরয়ের! অর্জুন রামপাল অভিনীত সেই খলনায়কের ভূমিকায় পরিচালক ফারহা খানের প্রথম পছন্দ ছিল বিবেক!

সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজেই এই কথা জানিয়েছেন বিবেক। তবে কেন তিনি 'ওম শান্তি ওম'-এ কাজ করার প্রস্তাব ফিরিয়েছিলেন? তারও জবাব দিয়েছেন 'সাঁথিয়া' নায়ক।

বিবেক জানান, ফারহা খান যখন তার কাছে এই ছবির প্রস্তাব নিয়ে এসেছিলেন তখন তিনি 'শুটআউট অ্যাট লোখান্ডওয়ালা' ছবির জন্য নিজেকে প্রস্তুত করছিলেন। সেই ছবির জন্য ডেট-ও দেওয়া হয়ে গিয়েছিল।

অন্যদিকে, ফারহা 'ওম শান্তি ওম'-এর জন্য যে যে ডেট চাইছিলেন, তা দিলে এই ছবিতে আর কাজ করতে পারতেন না বিবেক। অথচ ততদিনে 'শুটআউট অ্যাট লোখান্ডওয়ালা' ছবির 'মায়া' চরিত্রের জন্য মাস পাঁচেকের প্রস্তুতি সেরে ফেলেছিলেন বিবেক।

বিভিন্ন পুলিশ অফিসারের সঙ্গে বৈঠক করা থেকে শুরু করে গ্যাংস্টার মায়ার পুলিশ ফাইলস পড়া-সবকিছু করেছিলেন তিনি। তার উপর এই ছবির গল্পও দারুণ মনে ধরেছিল বিবেকের। অতএব শাহরুখের ছবিতে কাজের প্রস্তাব ফেরানো ছাড়া অন্য কোনও উপায় ছিল না তার হাতে।

যদিও এমনটি করতে মন চায়নি বিবেকের। অভিনেতার কথায়, শাহরুখ ভাই দারুণ একজন মানুষ। তার সঙ্গে 'সাঁথিয়া' ছবিতে কাজ করে দারুণ আনন্দ পেয়েছিলাম। কিন্তু সত্যিই আমার কিছু করার ছিল না 'ওম শান্তি ওম' নিয়ে। অবশ্যই আগ্রহী ছিলাম ওই ছবিতে কাজ করতে। এমনটা যদি হতো যে একসঙ্গে 'শুটআউট অ্যাট লোখান্ডওয়ালা' ও 'ওম শান্তি ওম'-এ কাজ করতে পারতাম, তাহলে তো দু'টোতেই কাজ করতাম। কিন্তু তা আর হলো না। কিন্তু মানতেই হবে, অর্জুন ওই চরিত্রে দারুণ অভিনয় করেছিল। ভালই তো হয়েছিল।

## অস্কার মিউজিয়ামে ঐশ্বরিয়ার লেহেঙ্গা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ঐশ্বরিয়া রায় বচ্চন অভিনীত জনপ্রিয় সিনেমা ‘যোধা আকবর’। যেখানে আকবর চরিত্রে হৃতিক রোশন ও যোধা চরিত্রে অভিনয় করেন ঐশ্বরিয়া।

আশুতোষ গোয়ারিকর পরিচালিত সিনেমাটি মুক্তি পায় ২০০৮ সালে।

গল্প, গান, অভিনয় ছাড়াও এ সিনেমার আলোচিত দিক ছিল কস্টিউম। যেহেতু মোগল সম্রাট আকবর ও তার স্ত্রী যোধা বাঈয়ের গল্প, তাই নির্মাতাদের সর্বোচ্চ নজর ছিল সেট ও চরিত্রদের লুকে যেন পুরনো সময়টা ফুটে ওঠে।

সিনেমায় আকবরের সঙ্গে যোধার বিয়ের দৃশ্যে ঐশ্বরিয়াকে পরানো হয় একটি লাল লেহেঙ্গা। সেই লেহেঙ্গা এবার জায়গা পেল দ্য একাডেমি মিউজিয়ামে। সেখানে প্রদর্শিত হবে লেহেঙ্গাটি।

অস্কার কর্তৃপক্ষ ইনস্টাগ্রামে যোধা আকবরের ক্লিপস শেয়ার করে খবরটি জানিয়েছে। সেখানে লেখা হয়েছে, যোধা আকবর সিনেমায় যোধা বাঈয়ের বিয়ের সময় যে লেহেঙ্গায় ঐশ্বরিয়াকে দেখা গিয়েছিল, একাডেমি মিউজিয়ামে তা এবার প্রদর্শিত হবে। জারদোসির কাজ করা, শতাব্দীপ্রাচীন কারুশিল্পের মিশেলে এই লেহেঙ্গার সৌন্দর্য সবার নজর কেড়েছিল। এটি ভারতের ঐতিহ্য ও সংস্কৃতির একটি নিদর্শন। ভালোভাবে খেয়াল করলে দেখা যাবে, এই লেহেঙ্গায় দামি পাথরের ডিজাইনে ফুটিয়ে তোলা হয়েছে ভারতের জাতীয় পাখি ময়ূর, যা দামি পাথর দিয়ে তৈরি করা হয়েছিল। রত্নসম পোশাকটি ডিজাইন করেছিলেন নীতা লুল্লা। একাডেমি মিউজিয়ামের কালার ইন মোশন প্রদর্শনীতে প্রদর্শিত হতে চলেছে লেহেঙ্গাটি।

শুধু এ লেহেঙ্গা নয়, যোধা আকবরে ঐশ্বরিয়ার পোশাক ছাড়াও বিশেষ মনোযোগ দেওয়া হয়েছিল গয়নায়। চরিত্রকে বাস্তবসম্মত করে তুলতে ঐশ্বরিয়াকে পরানো হয় ২০০ কেজি স্বর্ণের তৈরি আসল গয়না। ৭০ জন ডিজাইনার মাসের পর মাস খেটে গয়নাগুলো তৈরি করেন। শুটিংয়ের সময় গয়নাগুলো যাতে খোয়া না যায়, সেজন্য সেটে সব সময় ঐশ্বরিয়াকে পাহারা দিতেন ৫০ জন নিরাপত্তারক্ষী।

নির্মাতাদের এত চেষ্টা যে বৃথা যায়নি, মুক্তির ১৬ বছর পরে এসেও অস্কারের মতো প্ল্যাটফর্মের এই স্বীকৃতিতে সেটা আবারও প্রমাণিত হলো।

## কখনো বিয়ে করতে চান না শ্রুতি!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেত্রী শ্রুতি হাসান। বলিউডেও অভিনয় করেছেন। অভিনেত্রীর বাইরে তার আরেক পরিচয় তিনি তামিল সিনেমার প্রখ্যাত অভিনেতা কমল হাসানের মেয়ে।

সিনেমার পাশাপাশি ব্যক্তিগত জীবন নিয়ে প্রায়ই খবরে থাকেন শ্রুতি। এর আগে মাইকেল করসেল নামে এক ব্রিটিশ যুবকের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন। ২০২১ সালের শুরুতে তাদের বিচ্ছেদ হয়। তারপর দিল্লির ডুডল আর্টিস্টি শান্তনু হাজারিকার সঙ্গে নতুন করে প্রেমের সম্পর্কে জড়ান শ্রুতি হাসান। এ সম্পর্কের কথা স্বীকারও করেন এই জুটি। কিন্তু শ্রুতির এ সম্পর্কও ভেঙে গেছে!

এর আগে শ্রুতি হাসান একাধিকবার জানিয়েছিলেন, তিনি কখনো বিয়ে করতে চান না। পুরোনো সেই বক্তব্য নিয়ে পিঙ্কভিলার মুখোমুখি হয়েছিলেন শ্রুতি হাসান। এ আলাপচারিতায় বিয়ে না করার কারণ জানতে চান সঞ্চালক।

শ্রুতি হাসান বলেন, 'সম্পর্কে থাকতে ভালো লাগে। আমি জানি না কেন, তবে সম্পর্ক পছন্দ আমার, রোমান্সও ভালোবাসি। নিজেকে কারও সঙ্গে এতটাই যুক্ত করতে চাই। কিন্তু কখনো এটা বলিনি কখনো বিয়ে করব না আমি। তবে জীবনে যদি বিশেষ কেউ আসে...। কিছুটা ভয়ও লাগে। ঠিক বুঝতে পারছি না।'

আগের কোনো সম্পর্কের অভিজ্ঞতা বিয়েতে প্রভাব ফেলবে কিনা, এমনটা জানতে চাইলে এ অভিনেত্রী জানান, এটি কেবলই ব্যক্তিগত ভাবনা তার।

# আবারও বাবা হচ্ছেন নেইমার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ব্রাজিল সুপারস্টার নেইমার জুনিয়র ও সোশ্যাল ইনফ্লুয়েন্সার বান্ধবী ব্রুনা বিয়ানকার্দির সম্পর্ক শেষ হয়ে যাওয়ার গুঞ্জন শোনা যাচ্ছিলো মাঝে। সেই সম্পর্ক আবারও জোড়া লাগে এইযুগলের প্রথম সন্তান মাভির কল্যাণে। তারাই এবার নতুন সন্তানের প্রত্যাশা করছেন। গতকাল (বুধবার) ধর্মীয় উৎসবের (বড়দিন) দিনে জমকালো এক অনুষ্ঠানে এই সুসংবাদ দিয়েছেন নেইমার-ব্রুনা। ইতোমধ্যে এই আল-হিলাল তারকা তিন সন্তানের বাবা।

পরবর্তীতে সেই সুখবর নিজেদের ইনস্টাগ্রাম একাউন্টেও জানিয়েছেন এই তারকা যুগল। এরই মাঝে আলোচনায় এসেছে নেইমারের তৃতীয় সন্তানের কথা, যার মা আমান্দা কিম্বারলি অনেকটা আড়ালেই রয়েছেন। এমনকি এই নারীর সঙ্গে নেইমারের সম্পর্কের বিষয়টিও সেভাবে খবরে আসেনি। ব্রাজিলিয়ান সংবাদমাধ্যম 'ও গ্লোবো' বলছে, কিম্বারলি নেইমারের বোন রাফায়েলা সান্তোসের বান্ধবী। সেই সূত্রেই দুজনের পরিচয়।



এদিকে, নেইমারকে ট্যাগ করে চতুর্থ সন্তানের ঘোষণায় ব্রুনা বিয়ানকার্দি জানিয়েছেন, 'আমরা দারুণ এক সময় যাপন করছি এবং আমরা আসাধারণ এক খবর না জানিয়ে পারছি না যে, তিনি (সৃষ্টিকর্তা) আমাদের অনুরোধ শুনেছেন এবং পরিকল্পনা পূরণ করেছেন। স্বাগতম কন্যা! তুমি সুখ ও সুস্বাস্থ্য নিয়ে আসো। আমরা আমাদের পরিবারকে আরও পূর্ণতা দেওয়ার অপেক্ষায় আছি। সৃষ্টিকর্তা সমস্ত খারাপ দৃষ্টি থেকে আমাদের রক্ষা করুন।'

৩২ বছর বয়সী নেইমার ও ৩০ বছর বয়সী ব্রুনার সম্পর্কের বিষয়টি প্রথম প্রকাশ্যে আসে ২০২২ সালে। এর পরের বছর অক্টোবরে তাদের ঘরে আসে প্রথম কন্যাসন্তান মাভি। অবশ্য এর আগেই আগস্টে নেইমার-ব্রুনার মাঝে বিচ্ছেদের খবর আসে। তাদের মাঝে আগমন ঘরে আরেক ব্রাজিলিয়ান ইনফ্লুয়েন্সার ফার্নান্দা কাম্পোসের। তার সঙ্গে কথোপকথনের বিষয়টি জেনে যাওয়া বিয়ানকার্দি বিচ্ছেদের ঘোষণা দেন নেইমারের সঙ্গে। তবে মাভির কল্যাণে দুজন কাছাকাছি থাকেন বিচ্ছেদের পরও। ফলে তাদের ভাঙা সম্পর্ক ফের জোড়া লাগে।

এর আগে থেকেই ডেভিড লুকা নামে ১২ বছর বয়সী ছেলে রয়েছে নেইমারের। তার মা ক্যারল ডান্তাস নেইমারের কৈশোরের বান্ধবী। তবে লুকার জন্মের পর দুজনের সম্পর্কে দূরত্ব তৈরি হয়। যদিও লুকার কল্যাণে আবার একত্রিতও হতে দেখা যায় নেইমার-ডান্তাসকে। পরে অবশ্য ব্রাজিলিয়ান এই কন্টেন্ট ক্রিয়েটর আরেকটি সম্পর্কে জড়ান। যাদের সঙ্গে নেইমারের বড় সন্তান লুকা বার্সেলোনায় থাকে।

এই দুই যুগলের ঘটনা মোটামুটি আগে থেকেই আলোচনায় ছিল। আড়ালে ছিল আরেকটি সম্পর্ক। ব্রাজিলিয়ান মডেল আমান্দা কিম্বারলির সঙ্গে নিজের বোনের সূত্রে প্রায় বছর খানেক পরিচয় নেইমারের। পরে তাদের যুগল জীবনে আসে 'হেলেনা' নামে আরেক কন্যা সন্তান। যার বয়স বর্তমানে ৫ মাস। মাসখানেক আগে সাওপাওলোতে সেই সন্তানের জন্মের বিষয়টিও সামনে আনেন নেইমার।

# পিছিয়ে পড়েও দুর্দান্ত জয় পেলো লিভারপুল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


লিভারপুলের জয়ের রথ যেন থামছেই না। অ্যানফিল্ডে বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) রাতে প্রিমিয়ার লিগের ম্যাচটি ৩-১ গোলে জিতেছে আর্না স্লটের দল।

এ জয়ে শীর্ষস্থান আরও মজবুত করলো লিভারপুল। নিজেদের আঙিনায় শুরুতে গোল হজমের ধাক্কা সামলে দারুণভাবে ঘুরে দাঁড়ায় লিভারপুল।

ম্যাচের ষষ্ঠ মিনিটে এগিয়ে যায় লেস্টার। বাঁ দিক থেকে সতীর্থের মাস পেয়ে ডি-বক্সের ভেতরে দারুণ এক গোল করে লিভারপুল সমর্থকদের স্তব্ধ করে দেন আইয়ু। এরপর ঘুরে দাঁড়ায় অলরেডরা। প্রথম হাফে বাড়ানো সময়ে গাকপো লিভারপুলের হয়ে সমতা আনেন।

আর দ্বিতীয় হাফে পুরোটাই চলেছে লিভারপুল শো। দ্বিতীয় হাফের চতুর্থ মিনিটে (৪৯তম) লিভারপুলকে লিড এনে দেন কার্টিস জোন্স। আর ৮২তম মিনিটে গাকপোর পাস থেকে গোল করেন মোহাম্মদ সালাহ। ১৭ ম্যাচে ১৩ জয় ও ৩ ড্রয়ে লিভারপুলের পয়েন্ট ৪২। দ্বিতীয় স্থানে থাকা চেলসির পয়েন্ট ৩৫। ১৮ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে টেবিলের ১৮তম স্থানে রয়েছে লেস্টার সিটি।

# বড়দিনে রোনালদোর ব্যতিক্রমী উদযাপন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বড়দিনের ছুটিতে সৌদি আরব ছেড়ে সপরিবারে বরফের দেশ ফিনল্যান্ডে ঘুরতে গেছেন ক্রিশ্চিয়ানো রোনালদো। সৌদির তীব্র গরম থেকে ভয়ানক ঠাণ্ডা পরিবেশে গিয়েও চুপ করে বসে নেই পাঁচবারের ব্যালন ডি'অরজয়ী। মেতে আছেন আইস স্কেটিং, আইস বাথসহ নানা আনন্দযজ্ঞে। সেসব মুহূর্তের ছবি নিয়মিত সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করছেন তিনি।

গতকাল ছিল খ্রিস্টান ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব বড়দিন। এই দিনে সামাজিক যোগাযোগমাধ্যমে পরিবারসহ ছবি পোস্ট করেননি-এমন কোনো তারকা ফুটবলার হয়তো খুঁজে পাওয়া যাবে না। সবার ছবিতেই একটি বিষয় কমন-ক্রিসমাস ট্রি।

পোস্ট পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদোও করেছেন। সঙ্গে একটি ভিডিও জুড়ে দিয়েছেন। তবে তার উদযাপনের ধরন একেবারেই আলাদা। খালি গায়ে বরফশীতল পানিতে নেমে বড়দিনের শুভেচ্ছা জানিয়েছেন এই কিংবদন্তি। সেটা আবার ফিনল্যান্ডে গিয়ে।

রোনালদো পরিবারের সঙ্গে অবসর সময় কাটাতে গেছেন ফিনল্যান্ডের ল্যাপল্যান্ডে। দেশটির উত্তর দিকের শেষ সীমায় অবস্থিত এই জায়গাকে বলা হয় সান্তা ক্লজের আসল বাড়ি। এখানকার তাপমাত্রা মাইনাস ৩ ডিগ্রি সেলসিয়াস থেকে নামতে পারে মাইনাস ১৬ ডিগ্রিতে। মাঝেমধ্যে নাকি মাইনাস ৩০ ডিগ্রিতেও নেমে আসে। এমন ভয়ানক ঠাণ্ডাতেই রোনালদো পানিতে নামার চ্যালেঞ্জ নিয়েছেন। এই সময়ে শীতের পোশাক পরে রোনালদোর সামনেই ছিলেন তার ছেলে। বোঝাই যাচ্ছিল, সে এমন পাগলামি করতে রাজি নয়। পানি থেকে উঠার পরের একটি ছবি দিয়েই রোনালদো লিখেছেন 'শুভ বড়দিন সবাইকে'।

আরেক ছেলেকে নিয়ে এর আগে স্কিডুতে করে বরফঢাকা পথ চষে বেড়িয়েছেন রোনালদো। ইনস্টাগ্রামে এমন ছবি পোস্টও করেছেন। ডেইলি মেইল জানিয়েছে, রোনালদো পরিবারসহ ভ্রমণ করেছেন। তবে ঝুঁকি নিয়ে কোনো খেলায় অংশ নেননি আল নাসর তারকা। আল নাসরের সঙ্গে চুক্তি অনুযায়ী, চোটের ঝুঁকি বেশি-এমন কিছুতে রোনালদোকে অংশ নিতে নিরুৎসাহিত করা হয়েছে। সে কারণে শীতকালীন খেলাতেই মেতে ছিল রোনালদোর পরিবার।

সৌদি প্রো লিগে এখন বিরতি চলছে। রোনালদো মাঠে নামবেন আগামী ৯ জানুয়ারি, আল ওখদুদের বিপক্ষে ম্যাচ দিয়ে। ৩৯ বছর বয়সি রোনালদো চলতি মৌসুমে ১৯ ম্যাচে করেছেন ১৬ গোল। যদিও লিগ জেতার দৌড়ে অনেক পিছিয়ে তারা। ১৩ ম্যাচ শেষে শীর্ষ দল আল ইত্তিহাদের চেয়ে ১১ পয়েন্টে পিছিয়ে আল নাসর।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR